

পুরুলিয়া জিলা পরিষদের অর্থ সংস্থা উন্নয়ন ও পরিকল্পনা স্থায়ী সমিতির সভার কার্যবিবরণী

স্থান- সভাকক্ষ
তারিখ- ২১/৩/২০২২
সময়- বেলা ১টা

মাননীয় সভাপতি মহাশয়ের সভাপতিত্বে অধ্যকার সভার কাজ শুরু হয়। মাননীয় সভাপতি মহাশয়ের অনুমতিক্রমে মাননীয় অতিরিক্ত নির্বাহী আধিকারিক মহাশয় সকলকে স্বাগত জানান এবং আলোচনা শুরু হয়।

১। পঞ্চায়েত এলাকায় বহুতল বাড়ী নির্মানের Bye-law সংক্রান্ত আলোচনা : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের আদেশনামা 232/AD/PN/O/1/2016 Dt-29/03/18 অনুসারে পঞ্চায়েত এলাকায় ৬.৫ মিটারের অধিক উচ্চ অথবা ৩০০ বর্গমিটারের বেশি ক্ষেত্রফল বিশিষ্ট বাড়ী নির্মানের জন্য জেলা পরিষদের অনুমোদন প্রয়োজন। সংশ্লিষ্ট আদেশানুসারে নতুন Plan অনুমোদন করার সংস্থান থাকলেও, ইতিমধ্যে অনুমোদন ছাড়া যেসমস্ত গৃহ নির্মান হয়েছে তার শাস্তিস্বরূপ কোন নির্দিষ্ট পেনাল্টি ধার্য করা যায় কিনা সে সম্পর্কে কোন বিধান বা তৎসংক্রান্ত কোন আইনের সংস্থান নেই। নতুন পরিকল্পনা অনুমোদনের জন্য আবাসিক বাড়ীর জন্য ৫০ পয়সা/বর্গফুট ও বানিজ্যিক বাড়ীর ক্ষেত্রে ১ (এক) টাকা/বর্গফুট ফিজ ধার্য আছে।

যেসমস্ত বাড়ী নির্মানের আগাম Plan অনুমোদন জেলা পরিষদ থেকে নেওয়া হয়নি সেগুলি অনুমোদনের জন্য পুরুলিয়া জেলা পরিষদের Bye-law এর সংযোজন প্রয়োজন।

সংযোজনী- ১

Bye-laws অনুমোদনের পূর্বে যেসমস্ত গৃহ নির্মান পুরুলিয়া জেলা পরিষদের Plan অনুমোদন ছাড়াই হয়েছে, অন্যান্য Terms & Condition যথা- Ownership of land, Mutation, Conversion, Structural design, 1/3rd জমি ফাঁকা রাখা ইত্যাদি ঠিক থাকলে জমির সন্নিহিত রাস্তার থেকে ১৫ মিটার উচ্চতা/৩০০ বর্গমিটার ক্ষেত্রফল বিশিষ্ট মেঝের বাড়ীর Post facto অনুমোদন জেলাপরিষদ দেবে। এক্ষেত্রে নির্দিষ্ট fee ছাড়াও fine হিসাবে ৫ (পাঁচ) টাকা/বর্গফুট আবাসিক বাড়ীর ক্ষেত্রে ও ১০ (দশ) টাকা/বর্গফুট হিসাবে বানিজ্যিক বাড়ীর ক্ষেত্রে জেলা পরিষদে জমা করতে হবে।

যে সমস্ত বাড়ীগুলি প্ল্যান অনুমোদন না করে তৈরী হয়েছে, বানিজ্যিক বাড়ীর ক্ষেত্রে পরিকল্পনা অনুমোদন না হওয়া পর্যন্ত বানিজ্যিক ব্যবহার বন্ধ থাকবে, অন্যথায় প্ল্যান অনুমোদন দেওয়া হবেনা।

বিষয়টি জেলার ১৭০ টি গ্রাম পঞ্চায়েত প্রধানদের চিঠি করে জানাবেন মাননীয় সভাপতি মহাশয়।

সভায় আর বিশেষ কোনো আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদজ্ঞাপন করে মাননীয় সভাপতি মহাশয় আজকের সভার সমাপ্তি ঘোষণা করেন।

অতিরিক্ত নির্বাহী আধিকারিক
পুরুলিয়া জিলা পরিষদ


সভাপতি
পুরুলিয়া জিলা পরিষদ

স্মারক সংখ্যা: ৩৬৩/১৮/পি জেড পি


তারিখ: ২২/০৩/২২

প্রতিলিপি সকল সদস্য/সদস্যার অবগতি ও যথাকর্তব্যের জন্য প্রেরিত হল।


সচিব
পুরুলিয়া জিলা পরিষদ

Memo No. 220/DE/BP of 2022 dt 21/3/22
Copy forwarded for information & necessary action to
1-20. All BDOs

২১. D/A to upload in BP website
২২. H/C to put in ZP notice Board.


District Engineer
Purulia Zilla Parishad